

৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ০০১. ২০১৪- ১০০৮

তারিখ: ২৪/১০/১৬

বিষয়: সরকারি প্রতিষ্ঠানসমূহের নিজেদের মধ্যে মামলা পরিহারের লক্ষ্যে করণীয় নির্ধারণ বিষয়ক নির্দেশাবলি।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের গত ৩১-১২-২০১৫খ্রিঃ তারিখের ৫৪ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পরিপত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন সময়ে সরকারি প্রতিষ্ঠানসমূহের নিজেদের মধ্যে মামলার উদ্ভব হয়। এ সকল মামলার কারণে সরকারের অনেক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ও কর্মসূচী বাস্তবায়ন বাধাগ্রস্ত এবং সরকারি অর্থের অপচয় হয়। এ ধরনের পরিস্থিতিতে আন্তঃপ্রতিষ্ঠান বিরোধ নিষ্পত্তি এবং নিজেদের মধ্যে মামলা পরিহারের লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য সরকার নিম্নবর্ণিত দু'টি কমিটি গঠন করা হয়েছে:

- (১) আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি ও
- (২) আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।


০২। আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি একাধিক প্রতিষ্ঠানের পরস্পরবিরোধী অবস্থানের ক্ষেত্রে আদালতে মামলা না করে আলোচনার মাধ্যমে বিরোধ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে। উক্ত কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে সংশ্লিষ্ট পক্ষগণ 'আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে আপীল করতে পারবে।

০৩। পরিপত্রে আরও উল্লেখ করা হয়েছে সরকারি প্রতিষ্ঠানসমূহের মধ্যে মতানৈক্য হলে রাষ্ট্রের নির্বাহী কাঠামোর মধ্যে সমাধান করতে হবে। উপজেলা পর্যায়ে বা অনুরূপ পর্যায়ে দু'টি দপ্তরের মধ্যে বিরোধ দেখা দিলে সংশ্লিষ্ট দপ্তর প্রধান আলাপ-আলোচনার মাধ্যমে নিষ্পত্তি করবে। এ পর্যায়ে বিরোধ নিষ্পত্তি সম্ভব না হলে জেলা কিংবা অনুরূপ পর্যায়ে আলাপ আলোচনার মাধ্যমে সমস্যার নিরসন করতে হবে। তাতেও সম্ভব না হলে অধিদপ্তর/সংস্থা পর্যায়ে সভা করে বিরোধ নিষ্পত্তি করতে হবে। অধিদপ্তর/সংস্থা ব্যর্থ হলে মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে তা সমাধানের উদ্যোগ নিতে হবে। মন্ত্রণালয়/বিভাগ বিরোধ নিষ্পত্তি করতে না পারলে বিষয়টি নিষ্পত্তির জন্য আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটিতে উপস্থাপন করতে হবে। আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি কর্তৃক কোন বিবদমান বিষয়ের নিষ্পত্তি করা সম্ভব না হলে সেটি আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে প্রেরণ করতে হবে মর্মে উক্ত পরিপত্রে এ বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৪। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগের উপরেবর্ণিত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য তাঁর আওতাধীন এ বিভাগের অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থাকে যথাযথ নির্দেশনা প্রদানপূর্বক নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৫। বিষয়টি অতিব জরুরি।

সংযুক্ত: বর্ণনামতে ০১(এক) ফর্দ।

  
২৪.১০.১৬  
(মোঃ ইশান আলী রাজা বাঙালী)  
উপসচিব  
৯৫৪০৯৫  
Email:ishanaliraja@gmail.com

বিতরণ (কার্যার্থে):

- ০১। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
- ০২। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান(সকল), স্থানীয় সরকার বিভাগ;
- ০৩। সহকারী সচিব(সকল), স্থানীয় সরকার বিভাগ;

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ; বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ;
- ০৩। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ;
- ০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন/উন্নয়ন/পাস), স্থানীয় সরকার বিভাগ;
- ০৫। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ;
- ০৬। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৭। সহকারী কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের জন্য);